BOGURA | PUNDRA CIVILIZATION

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া
shajahanpur.bogra.gov.bd

ভূমি মন্ত্রণালয়

স্মারক নং-৩১.৫০.১০৮৫.০০০.০৪.০০৫.২৬.১৩

তারিখ: ২০ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

**২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস (বদ্ধ) জলমহাল ইজারার অনলাইনে দরপত্র/আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তি:**

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধনী, ২০১২) মোতাবেক বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস (বদ্ধ) জলমহালসমূহ শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কেবল সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী স্থানে অবস্থিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতির অনুকূলে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। ইজারা প্রদান পদ্ধতির আওতায় মৎস্যজীবী সংগঠন/সমিতি পাওয়া না গেলে জলমহালের পার্শ্ববর্তী সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতিকে (বেকার যুবক/বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/যুব মহিলা/বিধবা ও স্বামী পরিত্যক্তা/আনসার/ভিডিপি/গ্রাম পুলিশ সদস্য/দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) উল্লিখিত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা কর্তৃক ২৩ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধনী, ২০১২) অনুযায়ী বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে শর্ত সাপেক্ষে আগ্রহী মৎস্যজীবী সমিতি/সংগঠন/নিবন্ধিত একক সমিতিকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে jm.lams.gov.bd ওয়েবসাইটের নির্দেশনা মোতাবেক রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা ও জলমহালসমূহের হালনাগাদ তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং উপজেলা ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া ওয়েবসাইটের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। অনলাইনে আবেদনের সময় চাহিত তথ্যাবলি এবং প্রয়োজনীয় কাগজাদি আপলোড না করলে আবেদন অসম্পূর্ণ হিসেবে গণ্য হবে। অসম্পূর্ণ আবেদন বাতিলযোগ্য মর্মে বিবেচিত হবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

উল্লেখ্য, www.jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন করার পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বরাবর ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে।

ক্যালেন্ডার ও সময়সূচি:

| ক্র. নং | তারিখ | কার্য দিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ (১৫-২৯ জানুয়ারি, ২০২৬ খ্রি. তারিখ এর মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ২. | ১৮ মাঘ থেকে ২০ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৩. | ২২ মাঘ থেকে ২৮ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ (০৫ থেকে ১১ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.) এর মধ্যে | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ (১২-১৮ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.) এর মধ্যে | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ (১৯ ফেব্রুয়ারি হতে ১১ মার্চ, ২০২৬ খ্রি.) এর মধ্যে | ১৫ (পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ (১২ হতে ১৬ মার্চ, ২০২৬ খ্রি.) এর মধ্যে | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ (১৭ মার্চ থেকে ২৯ মার্চ, ২০২৬ খ্রি.) এর মধ্যে | ০৭ (সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৮. | ১ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ (১৪ এপ্রিল, ২০২৬ খ্রি.) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**অন্যান্য শর্তাবলী:**

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধিত নীতি, ২০১২) এর ইজারা সংক্রান্ত যাবতীয় শর্ত প্রযোজ্য।

২. নির্দিষ্ট যে জলমহালের আবেদন করা হবে, উক্ত জলমহাল ব্যতীত অন্য জলমহালের জন্য তা ব্যবহার করা যাবে না।

৩. জলমহাল ইজারা মেয়াদ ১৪৩৩ বঙ্গাব্দের ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১৪৩৩ বঙ্গাব্দের ০১ বৈশাখ থেকে কার্যকর বলে গণ্য হবে। এ সময়ের মধ্যে কোন কারনে যদি খাস কালেকশন করা হয়, তা সরকারি খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

৪. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকে যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য হিসেবে বিবেচিত হবে। এছাড়া, আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় অফিসার/সমাজসেবা অফিসার (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র , সংগঠন/সমিতির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি এবং সাথে পূর্ববর্তী ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে সদ্য প্রতিষ্ঠিত সমিতির জন্য অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

৫. সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

৬. বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% পে-অর্ডার ড্রাফট, জামানত হিসেবে আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বরাবর সংযুক্ত করতে হবে। ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারার অর্থের সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। ইজারাপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৭. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ১ম বছরের সাকুল্য ইজারামূল্য এবং ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর সিদ্ধান্ত প্রদানের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে একসঙ্গে পরিশোধ করে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে। চুক্তিনামা সম্পাদন না হওয়া পর্যন্ত জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে না। ২য় বছরের ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ৩য় বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৮. নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় ইজারামূল্য একসঙ্গে পরিশোধে ব্যর্থ হলে উক্ত ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে।

৯. সময়মত ইজারামূল্য পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের ইজারা বাতিল করা হলে উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদন পত্র জমা দিতে হবে। অন্যথায় ইজারা গ্রহণের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১. জলাশয়ের পাড়ে অবস্থিত কোন বৃক্ষ ইজারা গ্রহীতা কর্তন বা ক্ষতি করতে পারবে না। তিনি জলমহালের পাড়ে রক্ষিত বৃক্ষ নিজ দায়িত্বে সংরক্ষণ করতে বাধ্য থাকবেন। ইজারা গ্রহীতা জলাশয়ের পাড়ে বৃক্ষরোপণ ও সংরক্ষণ করতে পারবেন তবে তিনি তা কর্তন করতে পারবেন না।

১২. জলাশয়ের পাড়সহ সীমানার ভিতরে কোন ইমারত তৈরি বা অন্য কোন অবকাঠামো নির্মাণ কাজ করতে পারবে না।

১৩. ইজারা গ্রহীতা জলাশয়ের জমির পরিসীমা বজায় রাখবেন ও সংরক্ষণ করবেন। জলমহালের শ্রেণি পরিবর্তন বা কোনরূপ ক্ষতিসাধন করতে পারবেন না। জলমহালে কেউ যাতে অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা লিজগ্রহীতা নিশ্চিত করবেন।

১৪. মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ এর সংশ্লিষ্ট বিধি বিধান মেনে চলতে হবে।

১৫. ইজারা গ্রহীতা এই জলমহাল অন্য কোন ব্যক্তি বা সমিতির নিকট সাব-লিজ প্রদান করতে পারবে না। সাব-লিজ প্রদান করা হলে ইজারা তৎক্ষণাৎ বাতিল বলে গণ্য হবে এবং ইজারাদাতা ইজারা বাতিল করতে পারবেন ও জামানতসহ জমাকৃত মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ০৩ (তিন) বছরে কোন জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে না।

১৬. ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জলমহাল সংক্রান্ত জারিকৃত সরকারি নির্দেশ মেনে চলতে হবে। সরকারিভাবে উন্নয়ন প্রকল্প গৃহীত হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৭. ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকারস্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

১৮. ইজারা মেয়াদ শেষ হলে মৎস্য সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১৯. মৎস্যচাষের ক্ষতি না করে পরিমিত পর্যন্ত সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

২০. ইজারা গ্রহীতা নিবন্ধিত কোন মৎস্যজীবী সমিতির সাথে কোন জঙ্গিবাদ সম্পৃক্ততা পাওয়া গেলে ইজারা বাতিল করে নতুনভাবে ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে।

২১. ইজারা গ্রহীতা নিবন্ধিত কোন মৎস্যজীবী সমিতির সাথে পূর্বে কোন জলমহালের ইজারামূল্য পরিশোধ খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা বা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

২২. বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবলমাত্র ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৩. সরকারি জলমহার ব্যবস্থাপনা নীতি,২০০৯ (সংশোধিত নীতি, ২০১২) এর কোন শর্ত বা ইজারাচুক্তির কোন শর্ত ইজারা গ্রহীতা ভঙ্গ করলে ইজারাদাতা ইজারা বাতিলপূর্বক অবিলম্বে জলমহালটি নতুনভাবে পুনরায় ইজারা/বন্দোবস্ত প্রদান করতে পারবেন।

২৪. কালেক্টর বা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সকল আদেশ নিষেধ যথাযথভাবে পালন করতে ইজারা গ্রহীতা বাধ্য থাকবে।

২৫. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

২৬. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০ দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

২৭. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২৮. ইজারা প্রদানের পর যদি কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতে মামলা চলমান আছে মর্মে জানা যায়, তৎক্ষণাৎ উক্ত জলমহালের ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৪/০১/২০২৫

(মোঃ তাইফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাজাহানপুর, বগুড়া।
ফোনঃ০১৭৩৩-৩৩৫৪২৩
Email:unoshajahanpur@mopa.gov.bd

স্মারক নং-৩১.৫০.১০৮৫.০০০.০৪.০০৫.২৬.১৩

তারিখ: ২০ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৪ জানুয়ারি, ২০২৫ খিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, বগুড়া।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।

৩। উপজেলা......................................................কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া।

৪। অফিসার ইনচার্জ, শাজাহানপুর, বগুড়া।

৫। সহকারী প্রোগামার, শাজাহানপুর, বগুড়া (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)

৬। চেয়ারম্যান/প্রশাসক.........................................ইউনিয়ন পরিষদ (সকল), শাজাহানপুর, বগুড়া।

৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,(সকল)..................................ইউনিয়ন ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া।

(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

৮। সভাপতি/সেক্রেটারি.........................................মৎস্যজীবী সমবায় সমিতি, শাজাহানপুর, বগুড়া।

৯। জনাব.........................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, শাজাহানপুর, বগুড়া।

১০। নোটিশ বোর্ড

১১। অফিস নথি।

০৪/০১/২৬

(জান্নাতুল ফেরদৌস উর্মি)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাজাহানপুর,বগুড়া।
মোবাইল: ০১৭৩৩-৩৩৫৪২৪
Email: aclandshajahanpur16@gmail.com

## ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকাঃ

| ক্র.নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জলমহালের নাম | দাগ নং | পরিমাণ | গত বছরের ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে ১৪৩৩ বঙ্গাব্দে ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | আশেকপুর | চেঙ্গুইর | চাঙ্গুইর বিল | ২৬১২ | ০.২৮ | ২৭৫৭ | ২৮৯৫ | |
| ০২ | আশেকপুর | নন্দকুল | দূর্গাপুকুর | ৭৭২ | ০.৬৩ | ১১৫৭৭ | ১২১৫৬ | |
| ০৩ | আশেকপুর | নন্দকুল | পানতাপুকুর | ৫০২ | ০.১৬ | ১৩৯০ | ১৪৬০ | |
| ০৪ | আশেকপুর | নন্দকুল | পদ্মগাড়ী | ৯৪৫ | ০.৩৫ | ১৩০৫ | ১৩৭১ | |
| ০৫ | আশেকপুর | নন্দকুল | কাঠালতলা | ৯৫৬ | ০.১৪ | ১০০১ | ১০৫২ | |
| ০৬ | আশেকপুর | নন্দকুল | শানাগাড়ী | ১০২২ | ০.১৩ | ১০৪২ | ১০৯৫ | |
| ০৭ | আশেকপুর | নন্দকুল | জিম্মাগাড়ী | ৬৩৬ | ০.১৮ | ১৩৯৮ | ১৪৬৮ | |
| ০৮ | আশেকপুর | নন্দকুল | কানাপুকুর | ৯৫০ | ০.৫২ | ৫২৪০ | ৫৫০২ | |
| ০৯ | আশেকপুর | নন্দকুল | মজারপুকুর | ৭৪৬ | ০.৪৬ | ৪৪২০ | ৪৬৪১ | |
| ১০ | আশেকপুর | নন্দকুল | দূর্গাদামো | ৫৩২ | ০.৪৩ | ১৩২৩ | ১৩৯০ | |
| ১১ | আশেকপুর | নন্দকুল | দূর্গাপুকুর | ২৯৬ | ০.২৪ | ২১৭৭ | ২২৮৬ | |
| ১২ | আশেকপুর | নন্দকুল | মুছারগাড়ী | ২৬৫ | ০.৩৪ | ২৪২৫ | ২৫৪৭ | |
| ১৩ | আশেকপুর | সাবরুল | বোরোগাড়ী | ১০২৪ | ০.২৬ | ৯৮৩ | ১০৩৩ | |
| ১৪ | আশেকপুর | সাবরুল | মরাগাড়ী | ৩৫১৮ | ০.৪১ | ১৩৪২ | ১৪১০ | |
| ১৫ | আশেকপুর | বয়রাদিঘী | খামারপুকুর | ২০১/৩৫১ | ০.৯০ | ২২৯৯ | ২৪১৪ | |
| ১৬ | মাদলা | হেলেঞ্চাপাড়া | তারতগাড়ী | ৫০৮/৭৮৪ | ০.৩০ | ৪৬৩১ | ৪৮৬৩ | |
| ১৭ | মাদলা | হেলেঞ্চাপাড়া | ভেকুরবিল | ৮৮৯ | ০.৩৮ | ৫৭৮৯ | ৬০৭৯ | |
| ১৮ | মাদলা | হেলেঞ্চাপাড়া | চেচকোর বিল | ০৭ | ০.৩৭ | ৫৭৮৯ | ৬০৭৯ | |
| ১৯ | মাদলা | চাঁচাইতারা | হ্যাড়াগাড়ী | ১৮১ | ০.১২ | ১৮৩০ | ১৯২২ | |
| ২০ | মাদলা | নন্দগ্রাম | চম্পাপুকুর | ৫৬০/৭৪৫ | ০.৫৩ | ৭২২২ | ৭৫৮৪ | |
| ২১ | মাদলা | শেরকোল | হন্যিরবিল | ১৮০৬ | ১.৩৩ | ৭৯৮৫ | ৮৩৮৫ | |
| ২২ | মাদলা | শেরকোল | হাসোগাড়ী | ১৮৮৭ | ০.৮৪ | ৪০৯০ | ৪২৯৫ | |
| ২৩ | মাদলা | শেরকোল | কুমরাদহ বিল | ১০৪৯ | ১.২৬ | ২৫৬৮ | ২৬৯৭ | |
| ২৪ | মাদলা | শেরকোল | সাতবিলার বিল | ২০ | ৪.৮১ | ৭৮৭৫ | ৮২৬৯ | |
| ২৫ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর-১ | ১৮৯ | ০.১০ | ৪০২৩ | ৪২২৫ | |
| ২৬ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর-১ | ২২২ | ০.১১ | ৩৭৭৯ | ৩৯৬৮ | |
| ২৭ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর-১ | ২৯৪ | ০.৩০ | ৯২৪ | ৯৭১ . | |
| ২৮ | মাঝিড়া | সাজাপুর | সাজাপুর পুকুর-১ | ১৪৭১ | ০.১৮ | ৮৬০ | ৯০৩ | |
| ২৯ | মাঝিড়া | ডোমনপুকুর | সরদারপাড়া পুকুর | ৩৩৬৯ | ০.২৫ | ২৬৭৯ | ২৮১৩ | |
| ৩০ | মাঝিড়া | ডোমনপুকুর | চতরাগাড়ী | ৮৬০ | ১.২০ | ৭১৬৬ | ৭৫২৫ | |
| ৩১ | মাঝিড়া | ডোমনপুকুর | সোলাগাড়ী | ২৯২৯ | ০.২৪ | ১৬৮৫ | ১৭৭০ | |
| ৩২ | মাঝিড়া | সুজাবাদ | ডোবা | ১৭০২ | ০.৯০ | ২৫৫৪ | ২৬৮২ | |
| ৩৩ | খরনা | কুন্দদেছমা | সরকার পুকুর | ৪৩৬ | ০.৪৯ | ৮৭১৩ | ৯১৪৯ | |
| ৩৪ | খরনা | কুন্দদেছমা | খাস পুকুর | ৩৫৭ | ০.৬৩ | ১০৪৭৪ | ১০৯৯৮ | |
| ৩৫ | খরনা | সাতকাউনিয়া | ভাতীগাড়ী | ২৬১ | ০.৪১ | ৭৩৭৩ | ৭৭৪২ | |
| ৩৬ | খরনা | দাড়িগাছা | দাড়িগাছা পুকুর | ৭৯৪ | ০.৩৫ | ৩৯৩৯ | ৪১৩৬ | |
| ৩৭ | খোট্টাপাড়া | মোস্তাইল | মোস্তাইল বড়পুকুর | ৩৯৯ | ১.৪০ | ৩৭৮০০ | ৩৯৬৯০ | |
| ৩৮ | খোট্টাপাড়া | মোস্তাইল | মোস্তাইল বিল | ১৩৩ | ০.৫২ | ১২১৬ | ১২৭৭ | |
| ৩৯ | খোট্টাপাড়া | ঘাষিয়ারা | মুন্সীগাড়ী | ১৪০৮ | ০.১৯ | ৪০২৩ | ৪২২৫ | |
| ৪০ | খোট্টাপাড়া | খলিসাকান্দি | মধ্যপাড়া পুকুর | ৬৮৬ | ০.১৫ | ১৮৭৮ | ১৯৭২ | |
| ৪১ | খোট্টাপাড়া | জালশুকা | মাদ্রাসা পুকুর | ১০২৮, ১০৩০ | ০.১২ | ৩১৯ | ৩৩৫ | |
| ৪২ | খোট্টাপাড়া | বোহাইল | বোড়োগাড়ী | ৬৪৪ | ০.২৪ | ২৭০৬ | ২৮৪২ | |
| ৪৩ | চোপিনগর | শাহনগর | হরমাসুদ বিল | ১২৯৭ | ০.৪৭ | ১৯৪৮ | ২০৪৬ | |
| ৪৪ | চোপিনগর | শাহনগর | শাহনগরবিল | ১২৭৮ | ০.৮১ | ১৯৭৪ | ২০৭৩ | |
| ৪৫ | চোপিনগর | বিলকেশপাথার | বিলকেশপাথার | ৩২৯ | ৩.২২ | ৯১৮৮ | ৯৬৪৮ | |
| ৪৬ | চোপিনগর | বিরিকুল্যা | নলডিক্রী বিল | ৫০৫ | ০.৪৫ | ২৮৯৫ | ৩০৪০ | |
| ৪৭ | চোপিনগর | কামারপাড়া | ললুয়ার বিল | ১৫০১ | ০.৩২ | ৩১৫০ | ৩৩০৮ | |
| ৪৮ | চোপিনগর | কামারপাড়া | বৃ-কুষ্টিয়াবিল | ১৯৪০ | ০.৪০ | ১০৬৯ | ১১২৩ | |
| ৪৯ | চোপিনগর | কামারপাড়া | শলকুরি বিল | ৩৯১ | ০.৩৯ | ১১৫৫ | ১২১৩ | |

| ক্র.নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জলমহালের নাম | দাগ নং | পরিমাণ | গত বছরের ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে ১৪৩৩ বঙ্গাব্দে ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৫০ | চোপিনগর | কামারপাড়া | গজারে বিল | ১১০২ | ১.৩৩ | ৬৩০০ | ৬৬১৫ | |
| ৫১ | চোপিনগর | কামারপাড়া | বাটকামারি বিল | ২৪৩৭ | ১.৪৭ | ১১৫৪৮ | ১২১২৬ | |
| ৫২ | চোপিনগর | কামারপাড়া | সাতবিলার বিল | ২১৩৫ | ৩.১৪ | ৮২২২ | ৮৬৩৪ | |
| ৫৩ | চোপিনগর | কামারপাড়া | কুড়িরবিল | ২১২৮ | ১.০৪ | ২৭২৫ | ২৮৬২ | |
| ৫৪ | চোপিনগর | কামারপাড়া | সাতবিলার বিল | ২০৮৬ | ৩.১৫ | ৮২৯৫ | ৮৭১০ | |
| ৫৫ | চোপিনগর | কামারপাড়া | সাতবিলার বিল | ২০৮০ | ২.১০ | ৫৪৯৯ | ৫৫৭৪ | |
| ৫৬ | চোপিনগর | কামারপাড়া | সাতবিলার বিল | ২১৪২ | ৩.৩১ | ৯১৮৮ | ৯৬৪৮ | |
| ৫৭ | চোপিনগর | কামারপাড়া | নলুয়ারবিল | ১২৪৬ | ০.৩৪ | ২৭৫৭ | ২৮৯৫ | |
| ৫৮ | চোপিনগর | কামারপাড়া | কামারপাড়া ডোবা | ৭৫৮ | ০.৩৪ | ১৫৭৫ | ১৬৫৪ | |
| ৫৯ | চোপিনগর | বড়পাথার | ভোরাবিল | ২৩৮৩ | ১.৮২ | ২৭০৫ | ২৮৪১ | |
| ৬০ | চোপিনগর | বড়পাথার | নলুয়াবিল | ২২১০ | ৯.৭৪ | ১৭,০৮৯ | ১৭৯৪৪ | |
| ৬১ | চোপিনগর | দরিকুল্যা | নন্দুয়ারবিল | ৪৮৪ | ১.৭৬ | ২৬২৫ | ২৭৫৭ | |
| ৬২ | আমরুল | নগরকান্দি | সরুলিয়া বিল | ৫৫/১২২৯ | ৩.৬৮ | ৭৯২৮ | ৮৩২৫ | |
| ৬৩ | আমরুল | নগরকান্দি | জাবরকান্দা | ৮৩৮/৮০১ | ০.৫০ | ৮৭২ | ৯১৬ | |
| ৬৪ | আমরুল | নগরকান্দি | সোন্দাই | ১৮১২ | ০.২৫ | ১৯০৮ | ২০০৪ | |
| ৬৫ | আমরুল | নগরকান্দি | বেলতলাপুকুর | ৩৫৩৫ | ০.৯৩ | ১৩৪১ | ১৪০৯ | |
| ৬৬ | আমরুল | নগরকান্দি | বাথনাচরা | ৩১২৮ | ০.৮৪ | ১৩৪২ | ১৪১০ | |
| ৬৭ | আমরুল | নগরকান্দি | বাথনাচরা | ৩০৯৯ | ১.৭৮ | ৩২৯২ | ৩৪৫৭ | |
| ৬৮ | আমরুল | নগরকান্দি | মজাপুকুর | ৫৩২৯<br>হাল-১৩৪৭৯ | ২.৬০ | ৭১১৩ | ৭৪৬৯ | |
| ৬৯ | আমরুল | নগরকান্দি | ভূমধার পুকুর | ৩০৫১ | ০.৭৬ | ১৩৪২ | ১৪১০ | |
| ৭০ | আমরুল | নগরকান্দি | সাচ্চারবিল | ৬২৬১ | ০.৩৬ | ৭৯৪ | ৮৩৪ | |
| ৭১ | আমরুল | নগরকান্দি | ভূমধার | ১০৭৮ | ১.২৯ | ২৮১৯ | ২৯৬০ | |
| ৭২ | আমরুল | নগরকান্দি | দিগদাড়িয়া | ৪৩২৩ | ০.৪৯ | ৮৯৫ | ৯৪০ | |
| ৭৩ | আমরুল | নগরকান্দি | নগরকান্দি | ৩০৫১ | ০.৪৩ | ১০৭৭ | ১১৩১ | |
| ৭৪ | আমরুল | নগরকান্দি | নালীতোলা | ৫৩২৩ | ০.৪৯ | ৬৭২ | ৭০৬ | |
| ৭৬ | আমরুল | নগরকান্দি | পাকুরতোলা | ৫১৮ | ০.৪৯ | ৪৯৮১ | ৫২৩১ | |
| ৭৭ | আমরুল | নগরকান্দি | সিঙ্গাগাড়ী | ৮২৯৩/২০১০৪ | ০.২৭ | ১২৪৫ | ১৩০৮ | |
| ৭৮ | আমরুল | ফুলকোট | খরকাজান | ৮০৮৪ | ০.৭৮ | ৫৭৮৯ | ৬০৭৯ | |
| ৭৯ | আমরুল | ফুলকোট | ফুলকোট ডোবা | ৯৯৭ | ০.৪১ | ১৬৩৮ | ১৭২০ | |
| ৮০ | গোহাইল | পান্ডারপাড়া | পান্ডারপাড়া পুকুর | ২২৭ | ০.৩২ | ২৯৭৬ | ৩১২৫ | |
| ৮১ | গোহাইল | পান্ডারপাড়া | ভেদাপুকুর | ২১৪ | ০.১৯ | ১২৮১ | ১৩৪৬ | |
| ৮২ | গোহাইল | পান্ডারপাড়া | পান্ডারপাড়া পুকুর | ২৮২ | ০.০৭ | ৪১৮ | ৪৩৯ | |
| ৮৩ | গোহাইল | পান্ডারপাড়া | পান্ডারগাড়ী | ৩১৬/৩৩৭ | ০.০৮ | ৮০৬ | ৮৪৭ | |
| ৮৪ | গোহাইল | সাধরা | মণ্ডশল পুকুর | ৫১৭ | ০.২৭ | ৮৯৫ | ৯৪০ | |
| ৮৫ | গোহাইল | পালাহার | উচুলগাড়ী | ৩৫২ | ০.১৭ | ৪০৫ | ৪২৬ | |
| ৮৬ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী | ৭১১ | ০.৫৬ | ১৪১০ | ১৪৮১ | |
| ৮৭ | গোহাইল | কাপাসুরী | বটতলা পুকুর | ৭৫২/১৩৯২ | ০.৬০ | ১৩৮০ | ১৪৪৯ | |
| ৮৮ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী পুকুর | ৫৩৯ | ০.৬৬ | ১৪১০ | ১৪৮১ | |
| ৮৯ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী পুকুর | ৫০৪ | ০.১৪ | ৯৮৭ | ১০৩৭ | |
| ৯০ | গোহাইল | কাপাসুরী | কাপাসুরী পুকুর | ৪৬২ | ০.১৫ | ৭১৪ | ৭৫০ | |
| ৯১ | গোহাইল | চেলো | চেলোগাড়ী | ১৯৮ | ০.২১ | ৯৯১ | ১০৪১ | |
| ৯২ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৪১৫ | ০.১৫ | ৮২৪ | ৮৬৬ | |
| ৯৩ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৫৬৪ | ০.০৬ | ২৭১ | ২৮৫ | |
| ৯৪ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৮৮৮ | ০.২১ | ১৩৯৯ | ১৪৬৯ | |
| ৯৫ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৬৩৮ | ০.০৬ | ২৭১ | ২৮৫ | |
| ৯৬ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৬৬৩ | ০.১২ | ৪০৪ | ৪২৫ | |
| ৯৭ | গোহাইল | চেলো | চেলোপুকুর | ৩৭৩ | ০.১১ | ৪৩১ | ৪৫৩ | |
| ৯৮ | গোহাইল | রাতোল | কুমড়াগাড়া | ২৪১ | ০.৫২ | ৭০২ | ৭৩৮ | |
| ৯৯ | আড়িয়া | সোনাইদিঘী | কাশিয়ার পুকুর | ১৮৯/৬০৫ | ০.৯২ | ৮৪৪৫ | ৮৮৭৮ | |
| ১০০ | আড়িয়া | সোনাইদিঘী | সোনাইদিঘী | ৪৫০ | ০.৩৫ | ৭৭৭০ | ৮১৫৯ | |